



দেশীয় প্রযুক্তিতে ইন্টারনেট চালু করছে তেহরান



সংগৃহীত ছবি

ইরান আন্তর্জাতিক ইন্টারনেট ব্যবহার বাইরে গিয়ে নিজস্ব নেটওয়ার্ক চালুর উদ্যোগ নিচ্ছে। এখানে থাকবে দেশীয় সার্চ ইঞ্জিন, মেসেজিং অ্যাপ এবং আলাদা সামাজিক যোগাযোগমাধ্যম, যেখানে তথ্য ও যোগাযোগ সম্পূর্ণ রাষ্ট্র নিয়ন্ত্রণে থাকবে।

গত বছরের শেষ দিক থেকে দেশটিতে অর্থনৈতিক সংস্কারের দাবিতে শুরু হওয়া বিক্ষোভ ক্রমেই সরকারবিরোধী আন্দোলনে রূপ নেয়। যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের বিরুদ্ধে ইন্টারনেট ব্যবহার করে বিক্ষোভ উসকানোর অভিযোগও ওঠে।

বিক্ষোভ নিয়ন্ত্রণে ৮ জানুয়ারি দেশজুড়ে ইন্টারনেট বন্ধ করা হয়। স্টারলিংকের মাধ্যমে সংযোগ স্থাপন করলেও সেটিও বন্ধ হয়ে যায়। এতে খামেনি প্রশাসন জনক্ষোভ কিছুটা প্রশমিত করতে সক্ষম হয়।

নতুন জাতীয় ইন্টারনেটে থাকবে সরকার অনুমোদিত সার্চ ইঞ্জিন, মেসেজিং প্ল্যাটফর্ম, ন্যাভিগেশন সেবা এবং নিজস্ব স্ট্রিমিং সাইট। আন্তর্জাতিক নেটওয়ার্কের প্রবেশাধিকার সীমিত থাকবে, কেবল যাচাইপ্রাপ্ত ব্যক্তিরাই ব্যবহার করতে পারবে।

সাপ্তাহিক ১০ দিনে ২০০ ঘণ্টার বেশি সময় ইরানে ইন্টারনেট ব্ল্যাকআউট ছিল, যা বিশ্বের দীর্ঘতম সরকার নিয়ন্ত্রিত শাটডাউনের মধ্যে একটি। নেটব্লকসের মতে, বর্তমানে কার্যকর ইন্টারনেট প্রায় নেই।